গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-৩ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা- ৪৬.০০.০০০০.০৫০.০৬.১১.২১-৯৬৫ তারিখ: ১৬/০৯/২০২১ খ্রিঃ

বিষয়: স্থানীয় সরকার বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা আয়োজন ও পিএ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।

স্থানীয় সরকার বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা আয়োজন ও পিএ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে গত ০৬/০৯/২০২১ তারিখে জনাব দীপক চক্রবর্তী, অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো।

২। এমতাবস্থায়, উক্ত সভার সিদ্ধান্তসমূহের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৩ (তিন) পাতা

১৬/৯/২০২১
(হাবিবুর রহমান)
উপসচিব
ফোন- ০২২২৩৩৫৭২৩১
lgaudit3.97@lgd.gov.bd

কার্যার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট, আগারগাঁও, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, এলজিইডি/ডিপিএইচই, ঢাকা
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
৪। মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা ।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা/চট্রগ্রাম/খুলনা/রাজশাহী ওয়াসা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা ------------------- সিটি কর্পোরেশন।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, ----------------জেলা পরিষদ।
৮। মেয়র, -------------------পৌরসভা, জেলা------------------- ।
৯। চেয়ারম্যান, -------------------উপজেলা পরিষদ, জেলা------------------- ।
১০। জেলা/উপজেলা হিসাব রক্ষণ অফিসার,-------------------জেলা/উপজেলা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ
২। যুগ্মসচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ
৩। উপসচিব (অডিট-১/২), স্থানীয় সরকার বিভাগ (সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাকে কার্যবিবরণী প্রেরণের অনুরোধসহ)
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬। অফিস কপি/মাস্টার কপি।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-৩ শাখা
www.lgd.gov.bd

বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা আয়োজন ও পিএ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব দীপক চক্রবর্তী, অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : | ০৬/০৯/২০২১ (সোমবার), বিকাল- ৩.০০ টা |
| স্থান | : | স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা |

২। কর্মকর্তাগণের উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

৩। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর তিনি বলেন যে, অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির (পিএ কমিটি) কঠোর নির্দেশনা রয়েছে। পিএ কমিটির বিগত সভায় স্থানীয় সরকার বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি ০১ (এক) মাসের মধ্যে নিষ্পত্তি করে পিএ কমিটিকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া প্রত্যেক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার চাকুরিকালীন সময়ে উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা একান্ত প্রয়োজন। এর ব্যত্যয় ঘটলে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হবে। সে পরিপ্রেক্ষিতে অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উপর তিনি বিশেষ গুরুত্বারোপ করেন। সভায় সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সকল প্রতিনিধি যথাসময়ে উপস্থিত থাকার জন্য সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

৪। জনাব হাবিবুর রহমান, উপসচিব (অডিট-৩), স্থানীয় সরকার বিভাগ কার্যপত্রের আলোকে সভাকে অবহিত করেন যে, ডিপিএইচইর অগ্রিম অডিট আপত্তির সংখ্যা ১৮৭৩টি ও সাধারণ আপত্তি ১৩৪টি, ঢাকা ওয়াসার অগ্রিম আপত্তি ৮৬২টি ও সাধারণ আপত্তি ৮২টি, এলজিইডির অগ্রিম আপত্তি ২০১৬টি ও সাধারণ আপত্তি ১১১টি, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অগ্রিম আপত্তি ৫১৩টি ও সাধারণ আপত্তি ১৫৭টি এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অগ্রিম অডিট আপত্তি ১৩২টি ও সাধারণ আপত্তি ৮২টি অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। উক্ত অনিষ্পন্ন অডিট আপত্তির বিষয়ে তথ্যাবলি ও মতামত উপস্থাপনের জন্য তিনি সভায় উপস্থিত সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রতিনিধিগণকে অনুরোধ করেন।

৫। সভায় উপস্থিত সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সকল প্রতিনিধি জেলা/সার্কেল পর্যায়ে ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে অগ্রিম অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করা সম্ভব মর্মে অভিমত ব্যক্ত করেন। তাঁরা সাধারণ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব উপযুক্ত প্রমাণকসহ জরুরি ভিত্তিতে অডিট অধিদপ্তরে প্রেরণ করে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করবেন মর্মে সভাকে অবহিত করেন। স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, বর্তমানে তাঁদের জনবলের সংকট রয়েছে; সেক্ষেত্রে সকল পক্ষ সমন্বয় করে ঢাকার বাহিরে জেলা/সার্কেল পর্যায়ে ত্রি-পক্ষীয় সভা আহবান করা যেতে পারে।

৬। জনাব মোঃ নাজমুল হুদা সিদ্দিকী, যুগ্মসচিব (অডিট) বলেন যে, অডিট অধিদপ্তরের ইন্সপেকশন রিপোর্ট অনুযায়ী উত্থাপিত অগ্রিম অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রথম পর্যায়ে নির্ধারিত ছক মোতাবেক ব্রডশীট জবাব উপযুক্ত প্রমাণকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। জবাব ইতিবাচক হলে আপত্তিসমূহ নিষ্পত্তির সুপারিশসহ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে।

চলমান

অডিট অধিদপ্তর কর্তৃক আপত্তি নিষ্পত্তি না হলে চাহিদা অনুযায়ী পুনঃব্রডশীট জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং তা মন্ত্রণালয় কর্তৃক পর্যালোচনার পর পুনঃসুপারিশসহ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে। এরপরও যদি আবশ্যক হয় তাহলে অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভার প্রস্তাব ও কার্যপত্র (উপযুক্ত প্রমানকসহ) স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা যেতে পারে।

৭। সভাপতি আরো বলেন যে, অনিষ্পন্ন অগ্রিম অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ইতঃপূর্বে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভার সুপারিশ অনুযায়ী অডিট অধিদপ্তরে প্রেরিত বিএসআরসমূহের মধ্যে যেগুলো পেন্ডিং রয়েছে—সেগুলো জরুরি ভিত্তিতে নিষ্পত্তি করা প্রয়োজন। এ লক্ষ্যে দপ্তর/সংস্থাসমূহ অডিট অধিদপ্তরের সঙ্গে যোগাযোগ রক্ষা করবে।

৮। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৮(১) | স্থানীয় সরকার বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের অনিষ্পন্ন অগ্রিম অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ইতঃপূর্বে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভার সুপারিশক্রমে যে সকল আপত্তির ব্রডশীট জবাব এ মন্ত্রণালয় থেকে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে—সেগুলো জরুরি ভিত্তিতে নিষ্পত্তি করা প্রয়োজন। এ লক্ষ্যে দপ্তর/সংস্থাসমূহ অডিট অধিদপ্তরের সঙ্গে যোগাযোগ রক্ষা করবে। | (১) অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ<br>(২) স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর |
| ৮(২) | অডিট অধিদপ্তরের ইন্সপেকশন রিপোর্ট অনুযায়ী উত্থাপিত অগ্রিম অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রথম পর্যায়ে নির্ধারিত ছক মোতাবেক ব্রডশীট জবাব উপযুক্ত প্রমানকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। জবাব ইতিবাচক হলে আপত্তিসমূহ নিষ্পত্তির সুপারিশসহ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে। অডিট অধিদপ্তর কর্তৃক আপত্তি নিষ্পত্তি না হলে চাহিদা অনুযায়ী পুনঃব্রডশীট জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং তা মন্ত্রণালয় কর্তৃক পর্যালোচনার পর পুনঃসুপারিশসহ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে। এরপরও যদি আবশ্যক হয় তাহলে অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ত্রি-পক্ষীয় সভার প্রস্তাব ও কার্যপত্র (উপযুক্ত প্রমানকসহ) স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা যেতে পারে। | (১) অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ<br>(২) স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট শাখা<br>(৩) স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর |
| ৮(৩) | অধিকতর পুরাতন অনিষ্পন্ন অগ্রিম অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ত্রি-পক্ষীয় সভার প্রস্তাব ও কার্যপত্র (উপযুক্ত প্রমানকসহ) স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। সকল পক্ষের সঙ্গে সমন্বয়পূর্বক ঢাকার বাহিরে জেলা/সার্কেল পর্যায়ে ত্রি-পক্ষীয় সভা আহবান করা হবে। | (১ অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ<br>(২) স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট শাখা<br>(৩) স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর |
| ৮(৪) | অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ অনিষ্পন্ন সাধারণ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে উপযুক্ত প্রমানকসহ ব্রডশীট জবাব সরাসরি অডিট অধিদপ্তরে প্রেরণ করবে এবং অডিট অধিদপ্তর সেগুলো নিষ্পত্তির উদ্যেগ গ্রহণ করবে। | (১) অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ<br>(২) স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর |
| ৮(৫) | ডিপিএইচই—এর অনিষ্পন্ন অগ্রিম অডিট আপত্তির সংখ্যা ১৮৭৩টি। উক্ত আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে এ অধিদপ্তর ব্রডশীট জবাব/পুনঃব্রডশীট জবাব অথবা ত্রি-পক্ষীয় সভার প্রস্তাব (উপযুক্ত প্রমানকসহ) মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং ১৩৪টি সাধারণ অডিট আপত্তির জবাব সরাসরি অডিট অধিদপ্তরে প্রেরণ করবে। | (১) অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ<br>(২) স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট শাখা<br>(৩) স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর |

চলমান

| | | |
|---|---|---|
| ৮(৬) | ঢাকা ওয়াসার অনিষ্পন্ন অগ্রিম অডিট আপত্তির সংখ্যা ৮৬২টি। উক্ত আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে এ সংস্থা ব্রডশীট জবাব/পুনঃব্রডশীট জবাব অথবা ত্রি-পক্ষীয় সভার প্রস্তাব (উপযুক্ত প্রমানকসহ) মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং ৮২টি সাধারণ অডিট আপত্তির জবাব সরাসরি অডিট অধিদপ্তরে প্রেরণ করবে। | (১) অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠানসমূহ<br>(২) স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট শাখা<br>(৩) স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর |
| ৮(৭) | এলজিইডির অনিষ্পন্ন অগ্রিম অডিট আপত্তির সংখ্যা ২০১৬টি। উক্ত আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে এ অধিদপ্তর ব্রডশীট জবাব/পুনঃব্রডশীট জবাব অথবা ত্রি-পক্ষীয় সভার প্রস্তাব ও কার্যপত্র (উপযুক্ত প্রমানকসহ) মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং ১১১টি সাধারণ অডিট আপত্তির জবাব সরাসরি অডিট অধিদপ্তরে প্রেরণ করবে। | (১) অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠানসমূহ<br>(২) স্থানীয় সরকার বিভাগ<br>(৩) স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর |
| ৮(৮) | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অনিষ্পন্ন অগ্রিম অডিট আপত্তির সংখ্যা ৫১৩টি। উক্ত আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে এ সংস্থা ব্রডশীট জবাব/পুনঃব্রডশীট জবাব অথবা ত্রি-পক্ষীয় সভার প্রস্তাব (উপযুক্ত প্রমানকসহ) মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং ১৫৭টি সাধারণ অডিট আপত্তির জবাব সরাসরি অডিট অধিদপ্তরে প্রেরণ করবে। | (১) অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠানসমূহ<br>(২) স্থানীয় সরকার বিভাগ<br>(৩) স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর |
| ৮(৯) | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনিষ্পন্ন অগ্রিম অডিট আপত্তির সংখ্যা ১৩২টি। উক্ত আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে এ সংস্থা ব্রডশীট জবাব/পুনঃব্রডশীট জবাব অথবা ত্রি-পক্ষীয় সভার প্রস্তাব (উপযুক্ত প্রমানকসহ) মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং ৮২টি সাধারণ অডিট আপত্তির জবাব সরাসরি অডিট অধিদপ্তরে প্রেরণ করবে। | (১) অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠানসমূহ<br>(২) স্থানীয় সরকার বিভাগ<br>(৩) স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর |
| ৮(১০) | জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির (পিএ কমিটি) কর্তৃক অনিষ্পন্ন অডিট আপত্তি ০১(এক) মাসের মধ্যে নিষ্পত্তিপূর্বক অবহিত করার জন্য প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহ কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে। | (১) অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠানসমূহ<br>(২) স্থানীয় সরকার বিভাগ<br>(৩) স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর |
| ৮(১১) | অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ অডিট আপত্তির ডাটাবেইজ ও সফটওয়্যার তৈরি করে স্থানীয় সরকার বিভাগ-কে সেগুলো ব্যবহার করার সুযোগ দিবে। | (১) অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠানসমূহ<br>(২) স্থানীয় সরকার বিভাগ |

৯। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(দীপক চক্রবর্তী) ১২/০৯/২০২২
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## স্থানীয় সরকার বিভাগের অধীন অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা আয়োজন ও পিএ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে আলোচনা সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা বিবরণী।

সভার তারিখ : ০৬ সেপ্টেম্বর, ২০২১

বেলা : বিকাল ৩.০০ টায়

সভার স্থান : স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ # ৬০১, ভবন # ৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

সভাপতি : অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ

| নং | কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ নুর হোসেন মজুমদার<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অডিট) | এলজিইডি | 01711458102<br>nurhh2988@yahoo.com | [illegible] ০৬/৯/২১ |
| ০২ | মোঃ মিজানুর রহমান<br>XEN (Audit), LGED | এলজিইডি | 0172096696<br>xen.audit@lged.gov.bd | [illegible] ৬/৯/২০২১ |
| ০৩ | মোঃ নাসির উদ্দিন মাহমুদ<br>অডিট কর্মকর্তা | DNCC | 01717706851<br>nasir25bcs@gmail.com | [illegible] ০৬/৯/২১ |
| ০৪ | মোঃ আনোয়ার হোসেন<br>অতি: প্রধান প্রকৌশলী (পূর্ত) | DPHE | 01558349147<br>addlce.works@dphe.gov.bd | [illegible] 6/9/21 |
| ০৫ | মোঃ ওয়াসেক আলী<br>প্রকল্প পরিচালক | DPHE | 01716303427<br>pdgobidb23@gmail.com | [illegible] ০৬/০৯/২০২১ |
| ০৬ | মোঃ আবুল কাশেম<br>পরিচালক ([illegible]) | DWASA | 01552341854<br>kashem1957@gmail.c | [illegible] |
| ০৭ | মোঃ আমিনুল ইসলাম | DWASA | 01718-385571<br>aminul.islam@gmail.com | [illegible] |
| ০৮ | মোঃ ইব্রাহীম খলিল<br>[illegible] | ঢাকা ওয়াসা | 01619-669477<br>ibrahim13179@gmail.com | [illegible] |
| ০৯ | [illegible]<br>অডিট [illegible] | ঢাকা ওয়াসা | 01722240750<br>shahinwasa@yahoo.com | [illegible] 06.09.21 |
| ১০ | [illegible]<br>অডিট অফিসার | U | 0171243[illegible]<br>shohun84@gmail.com | [illegible] ৬/৯/২০২১ |
| ১১ | রিজওয়ান বিন মহিউদ্দিন<br>অডিট কর্মকর্তা | DSCC | 01716793670<br>[illegible]@gmail.com | [illegible] ০৬.০৯.২১ |

| নং | কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১২ | মো: মতিয়ার রহমান<br>উপ-পরিচালক | স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর | 01716043794 | [signature] |
| ১৩ | মো: মুকুল মিয়া<br>অডিটর | স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর | 01938536956<br>chirotorun@yahoo.com | [signature] |
| ১৪ | ড. মো: কামাল হোসেন<br>উপ সচিব | LGD | ০১৭১১০৫৪৮৮২ | [signature] |
| ১৫ | মো: আবদুল্লাহ আল সিদ্দিকী<br>সহকারী সচিব (অডিট) | স্থা.স.বি | ০১৭২৫৬৯০৬৫৭<br>audit@lgd.gov.bd | [signature] |
| ১৬ | | | | |
| ১৭ | | | | |
| ১৮ | | | | |
| ১৯ | | | | |
| ২০ | | | | |
| ২১ | | | | |
| ২২ | | | | |
| ২৩ | | | | |
| ২৪ | | | | |
| ২৫ | | | | |
| ২৬ | | | | |